# নির্বাচন ঘিরে সাম্প্রদায়িক দাঙ্গা দেখা দেওয়ার সম্ভাবনা নেই: ধর্ম উপদেষ্টা



সংগৃহীত ছবি

ধর্ম উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন বলেছেন, দেশের জনগণ সচেতন এবং নির্বাচনের সময় সাম্প্রদায়িক দাঙ্গা সৃষ্টির মতো পরিস্থিতি নেই। তিনি আশ্বস্ত করেছেন, সরকার ঘোষিত সময়ে সুষ্ঠু ও নিরপেক্ষ জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে এবং ক্ষমতা শান্তিপূর্ণভাবে হস্তান্তর করা হবে।

ধর্ম উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন বলেছেন, দেশের মানুষ এখন অনেক সচেতন, তাই জাতীয় নির্বাচনকে ঘিরে সাম্প্রদায়িক দাঙ্গা সৃষ্টির কোনো সুযোগ নেই। শুক্রবার (১৫ আগস্ট) দুপুরে সুনামগঞ্জের তাহিরপুর উপজেলার লাউরেরগর এলাকার শ্রী শ্রী অদ্বৈত মন্দির কমপ্লেক্সের নির্মাণ কাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, সরকার ঘোষিত সময়ে সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ ও উৎসবমুখর পরিবেশে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের পর শান্তিপূর্ণভাবে ক্ষমতা নবনির্বাচিত সরকারের কাছে হস্তান্তর করা হবে। ইতিমধ্যে নির্বাচনকে ঘিরে পুলিশের প্রশিক্ষণ ও বিন্যাসের কাজ শুরু হয়েছে বলেও জানান তিনি।

এ সময় জেলা প্রশাসক ড. মোহাম্মদ ইলিয়াস মিয়া এবং প্রশাসনের বিভিন্ন কর্মকর্তারা উপস্থিত ছিলেন

LENS ASIA